

৩০/৭/০৭



ইনকিলাব : দিহাইর হাইস্কুলের তিন ছাত্রী অজ্ঞাত রোগে আক্রান্ত হয়ে চারেক হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে

তিন জেলায় অজ্ঞাত রোগে ১৯ স্কুল শিক্ষার্থী আক্রান্ত

ইনকিলাব রিপোর্ট : নরসিংদী, সাভারের পর এবার অজ্ঞাত রোগে আক্রান্ত হয়েছে মানিকগঞ্জ, সাতক্ষীরা ও বাগেরহাটের মোট ১৯ জন স্কুল শিক্ষার্থী। মানিকগঞ্জের দিহাইর উপজেলার গোবিন্দল খোলাপাড়া মডেল হাই স্কুলের ৩ ছাত্রী, সাতক্ষীরার কাপিগঞ্জ মৌতলা মাধ্যমিক বিদ্যালয়ের ৭ ছাত্র-ছাত্রী, বাগেরহাটের চিতলমারী হািনা বেগম মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ৯ জন ছাত্রী গতকাল (মঙ্গলবার) অজ্ঞাত রোগে আক্রান্ত হয়েছে। এ রোগে আক্রান্ত হওয়া শিক্ষার্থীদের গোবিন্দল খোলাপাড়া মডেল হাই স্কুলের ৩ ছাত্রী

তিন জেলায় অজ্ঞাত রোগে

২৪শে জুলাই

বর্তমানে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের স্বকর্মী বিভাগের ২১ নং ওয়ার্ডে চিকিৎসাধীন রয়েছে। সর্বম শ্রেণীতে অধ্যয়নরত এ ৩ ছাত্রী হচ্ছে নাছরিন, শাহনুসরাহার ও রোকসানা। সাতক্ষীরার কাপিগঞ্জ মৌতলা মাধ্যমিক বিদ্যালয়ের ৭ ছাত্র-ছাত্রীকে স্থানীয় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। অক্রান্তদের মধ্যে রয়েছে এ স্কুলের দশম শ্রেণীর ছাত্রী শেখায়ায়, সর্বম শ্রেণীর ছাত্রী রোকসানা ও ছাত্রজানা; ষষ্ঠ শ্রেণীর ছাত্রী রহিমা হকুন, তমুশ্রী দাস, জায়জিনা পারভীন, ইমরান; বগেরহাটের চিতলমারী হািনা বেগম মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ৯ জন ছাত্রীকে গতকাল স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। এই অজ্ঞাত রোগ শনাক্ত করতে ডা. শর্মিষ্ঠা ঘোষাল, ডা. তপন মল্ল ও ডা. তারকনন্দ কুড়ুক নিয়ে ৩ সদস্যের একটি মেডিক্যাল টিম গঠিত হয়েছে। চিতলমারীর এ স্কুলের আক্রান্তদের মধ্যে রয়েছে ষষ্ঠ শ্রেণীর ছাত্রী শীলা, শির্নী, সর্বম শ্রেণীর বৃষ্টি, সোনিয়া, পদ্মি, নির্দয়, অষ্টম শ্রেণীর সুনাইল, নবম শ্রেণীর সুমি ও দশম শ্রেণীর কুলসুম। অজ্ঞাত রোগে এখনো চিহ্নিত করা যায়নি। তবে ডাক্তাররা প্রাথমিকভাবে রোগটিকে 'মাস হিটেরিয়া' বশছেন।

দিহাইর (মানিকগঞ্জ) সংবাদদাতা জানান, গতকাল (মঙ্গলবার) গোবিন্দল খোলাপাড়া মডেল হাই স্কুলের ক্লাস চলাকালীন সর্বম শ্রেণীর ওই ৩ ছাত্রী হঠাৎ অসুস্থ হয়ে পড়ে। অসুস্থদের প্রথমে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। অসুস্থরা অবনতি হলে তাদের ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়। হাসপাতালের স্বকর্মী বিভাগের ২১নং ওয়ার্ডে বর্তমানে তারা চিকিৎসাধীন রয়েছে। এগিকে স্থলে অজ্ঞাত রোগের আবির্ভাব হওয়ার ৩ দিনের জন্য এ স্কুল বন্ধ ঘোষণা করা হয়েছে।

সাতক্ষীরা প্রতিনিধি জানান, সাতক্ষীরার কাপিগঞ্জ মৌতলা মাধ্যমিক বিদ্যালয়ে গতকাল (মঙ্গলবার) অজ্ঞাত রোগে আক্রান্ত হয়ে ৭ জন ছাত্রছাত্রী মাঝামাঝ অসুস্থ হয়ে কাপিগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি

হয়েছে। উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ এম এ হান্নান জানান, রোগটি অজ্ঞাত। এ রোগের লক্ষণ হচ্ছে হঠাৎ পলাল্যাথা, মুখ দিয়ে লালা আসা, হাত-পা ঝিঁচুনি, শ্বাসকষ্ট ও শরীরের বিভিন্ন অংশ অবশ হয়ে যাওয়া। অসুস্থ ছাত্রছাত্রীদের তাৎক্ষণিক উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

অপরদিকে কাপিগঞ্জ উপজেলার অজ্ঞাত রোগের খবর পার্শ্ববর্তী উপজেলা দেবহাটী ও প্যামনগরে চড়িয়ে পড়লে উপজেলাগুলোর ছাত্রছাত্রীদের অভিভাবকসহ সাধারণ মানুষ আতঙ্কিত হয়ে পড়েছে বলে জানা গেছে।

বাগেরহাট জেলা সংবাদদাতা জানান, বাগেরহাটের চিতলমারী হািনা বেগম মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ৯ জন ছাত্রী অজ্ঞাত রোগে আক্রান্ত হওয়ায় ৩ সদস্যের একটি মেডিকেল টিম গঠন করা হয়েছে।

স্থলে মঙ্গলবার সকালে ক্লাস চলাকালীন ৯ ছাত্রী হঠাৎ অচেতন হয়ে পড়ে। এ সময় শিক্ষক ও ছাত্রীরা তাদের দ্রুত স্থানীয় হাসপাতালে নিয়ে যায়। সেখানে তাদের ভর্তি করে চিকিৎসা দেয়া হচ্ছে। কি রোগে তারা আক্রান্ত হয়েছে তা চিকিৎসকরা নিশ্চিত করে বলতে পারছেন না। তবে এতে আতঙ্কিত হওয়ার কোন কারণ নেই বলে কর্তব্যরত চিকিৎসকরা জানান।

সাভার সংবাদদাতা জানান, সাভারহ পলাশবাড়ী হািনা জয়নুন্নিদ উচ্চ বিদ্যালয়ের শিক্ষিকা ও ৩১ জন ছাত্রী অজ্ঞাত রোগে সোমবার অসুস্থ হয়ে পড়ে। দীর্ঘ ২৪ ঘণ্টা চিকিৎসা শেষে গতকাল মঙ্গলবার বেলা ১২টার দিকে ২৪ জন ছাত্রীকে হাসপাতাল কর্তৃপক্ষ ছেড়ে দেয়। তারা সম্পূর্ণ সুস্থ বিধায় যে যার বাড়ী চলে যায়। এদিকে আশঙ্কাজনক অবস্থায় সাভার সিএমএইচ হাসপাতালের আইসিইউতে ভর্তি রয়েছে সহকারী শিক্ষিকা শাহিনুর আকার, নবম শ্রেণীর ছাত্রী ডামায়া, ছালমা, ৬ষ্ঠ শ্রেণীর ছাত্রী তমা, বর্ণা, শারমিন, আসলিমা।